[redacted]

[redacted]

[redacted]

[

ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে মুহাম্মদ মুনিরুল মওলা বলেন, বর্তমানে ইসলামী ব্যাংক দেশের সর্ববৃহৎ ও শক্তিশালী ব্যাংক। নতুন বাংলাদেশে গ্রাহকরা ইসলামী ব্যাংককে আরো বেশি আস্থার ব্যাংক হিসেবে নিয়েছেন। গ্রাহকরা এখন নির্বিঘ্নে ইসলামী ব্যাংকের প্রতিটি শাখায় সেবা গ্রহণ করছেন।

তিনি বলেন, ইসলামী ব্যাংক দেশের একটি ঐতিহ্যবাহী ব্যাংক। একঝাঁক সৎ, দক্ষ ও নিষ্ঠাবান কর্মী আধুনিক ব্যাংকিং প্রযুক্তির সমন্বয়ে ব্যাংকিং সেবা দিয়ে যাচ্ছেন। তিনি দেশের অন্যান্য শাখার মতো গাংনী শাখায়ও ইসলামী ব্যাংকের সর্বজনীন ও কল্যাণধর্মী সেবাসমূহ গ্রাহকের কাছে নিরবচ্ছিন্নভাবে পৌঁছে দেয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

অফিস সহকারী জাহিদের স্থলে বেতন করিয়েছেন সাবেক অধ্যক্ষর ভাগ্নের

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল-জোড়পুকুরিয়া কলেজের কোটি টাকা লুটপাটের খবর ছড়িয়ে পড়ার সাথে সাখে নানা অনিয়মের খবরও উঠে আসছে। গত দুই দিন মেহেরপুর প্রতিদিনে “শিক্ষক নিয়োগের কোটি টাকা লুটপাটের অভিযোগ” ও “অন্যের জমিতে গেইট ও প্রাচির নির্মাণ’ শিরোনামে সংবাদ প্রকাশ হয়েছে। কলেজটিতে সরেজমিনে গিয়ে জানা যায় জাহিদুজ্জামান নামের এক অসুস্থ স্টাফের এমপিও না করিয়ে সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাসুম উল হকের ভাগ্নে পিংকি আক্তারের এমপি করা হয়েছে। যা রীতিমত জাহিদুজ্জামানের সাথে প্রতারণার শামিল। একই সঙ্গে মানবেতর জীবন পার করছে জাহিদুজ্জামান।

সরেজমিন ও বিভিন্ন অভিযোগের মাধ্যমে জানা গেছে, ২০২১ সালে কলেজের অধ্যক্ষ গোলাম মোস্তফার মৃত্যুর পর থেকে অনিয়ম আর দুর্নীতি ভরে গেছে কলেজটিতে। শিক্ষা মন্ত্রণালয়ে বিধিকে

তিনি ইচ্ছা করলেই জাহিদের এমপিও করাতে পারতেন। কিন্তু মোটা অংকের বিনিময়ে তিনি সাবেক সভাপতি শহিদুল ইসলামের সাথে আতাত করে পিংকি আক্তারের এমপিও করেছেন।

সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাসুম উল হক বলেন, অফিস সহকারী জাহিদুজ্জামানের বিষয়ে তিনি বলেন, জাহিদুজ্জামান ডিগ্রি শাখার জন্য নিয়োগ পেয়েছিলেন। আর তার পরিবর্তে পিংকি আক্তারকে নিয়োগ দেওয়া হয়েছে উচ্চ মাধ্যমিক শাখায়। পরিপত্রে কম্পিউটারের সনদ থাকার নির্দেশনা থাকায় পিংকি আক্তারের এমপিও করানো হয়েছে।

বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ জিনারুল ইসলাম বলেন, সাবেক অধ্যক্ষ তার ভাগ্নের বেতন করে দেওয়ায় জাহিদুজ্জামানের টা করেননি। জাহিদুজ্জামানের সাথে প্রতারণা করা হয়েছে। আমরা জাহিদুজ্জামানের বেতনের ব্যবস্থা করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।

গাংনী উপজেলা যুবদলের আহ্বায়ক চপল বিশ্বাস মারা গেছেন

গাংনী উপজেলা যুবদলের আহ্বায়ক ও বিশিষ্ট রড সিমেন্ট ব্যবসায়ী মালেক হোসেন চপল বিশ্বাস (৪৬) স্ট্রোকজনিত কারনে কুষ্টিয়া হার্ট এন্ড জেনারেল হাসপাতালে মৃত্যুবরণ করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রজিউন।

চপল বিশ্বাসের স্ত্রী, দুই ছেলে, এক মেয়ে, ভাই-বোন,আত্মীয় স্বজন, বন্ধু বান্ধবসহ অসংখ্য গুনগ্রাহী রয়েছে। চপল বিশ্বাসের বড় ভাই বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ রাত ৮ টার দিকে হঠাৎ বুকে ব্যাথা অনুভব করলে তাঁকে দ্রুত কুষ্টিয়া মান্নান হার্ট এন্ড জেনারেল হাসপাতালে নেওয়া হয়। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় মারা যায় সে। চপল বিশ্বাস গাংনী উপজেলার বামন্দী বাজারের মৃত আব্দুল বারীর ছেলে ও বিশিষ্ট রড সিমেন্ট ব্যবসায়ী। তবে, কখন তাঁর নামাজে জানাযা অনুষ্ঠিত হবে

এখনো নির্ধাারিত হয়নি। আজ বৃহস্পতিবার বামন্দী কেন্দ্রীয় গোরস্থানে তাঁর দাফন সম্পন্ন হবে বলে পারিবারিকভাবে জানা গেছে।

এদিকে চপল বিশ্বাসের মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে এলাকায় শোকের ছায়া নেমে আসে।

এই রাজনৈতিক নেতার মৃত্যুতে শোক জানিয়েছেন, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন, জেলা বিএনপির সহসভাপতি শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, সাবেক উপজেলা চেয়ারম্যান ও গাংনী পৌর বিএনপির সভাপতি মোরাদ আলীসহ বিএনপি ও অঙ্গসহযোগী সংগঠনের নেতৃবৃন্দ। এছাড়া বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দও শোক জানিয়েছেন।

উল্লেখ্য, মালেক হোসেন চপল বিশ্বাস এলাকার জনপ্রিয় একজন রাজনৈতিক নেতা ও সমাজ সেবক ছিলেন। বিভিন্ন সামাজিক ও ধমীয় প্রতিষ্ঠানে বিভিন্নভাবে সহযোগীতা করতেন। এছাড়া অসহায় নির্যাতিত ও নিপীড়িত মানুষের সাহায্যে হাত বাড়িয়ে দিতেন।

বিগত আওয়ামীলীগের শাসন আমলে তাঁর বিরুদ্ধে একাধিক মিথ্যা মামলা হয়েছে। সেসব মামলায় একাধিকবার কারাবরণ করেছেন।

গাংনীতে পাঙ্গাস মাছ চাষ প্রদর্শনীর উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির অধীনে সংগঠিত সংস্থার সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য খাতের আওতায় উত্তম ব্যবস্থাপনায় অফ-ফ্লেভার মুক্ত পাঙ্গাস মাছ চাষ প্রদর্শনীর উপকরণ বিতরণ করেছে সংস্থাটি।

২০২৪-২৫ অর্থবছরের উপকরণ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা

মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান, পিএসকেএসের উপ-পরিচালক মোঃ কামরুল আলম, পিএসকেএসের মৎস্য কর্মকর্তা মোঃ ইকরামুল হাসান ও সহকরী মৎস্য কর্মকর্তা মোঃ খালেদ কবির সহ সমন্বিত কৃষি ইউনিটের সদস্যবৃন্দ।

উক্ত অনুষ্ঠান হতে মৎস্য চাষীদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করা হয়।

গাংনীতে উচ্চ ফলনশীল ধান বীজ ও উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর সমন্বিত কৃষি ইউনিট কৃষি খাতের আওতায় উচ্চ ফলনশীল নতুন জাতের ধান বীজ বিতরণ করা হয়েছে।

উচ্চ ফলনশীল ধান ১০২ও ১০৮ এর বীজ ও উপকরণ ৮জন সদস্যের মাঝে উপকরণ বিতরণ করা হয়েছে। উপকরণের মধ্যে ছিল বীজ, জৈব ও রাসায়নিক সার, ফেরমন লিওর ইত্যাদি।

এ সময় উপস্থিত ছিলেন উপ-পরিচালক মোহা: কামরুল আলম পিএসকেএসের সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগণ সকল কর্মকর্তা বৃন্দ।

গাংনীতে ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

১০০ পিচ ইয়াবাসহ দুই মাদক বিক্রেতাকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা শাখা (ডিবি)।

আটকরা হলেন, গাংনী উপজেলার জালশুকা গ্রামের জামসেধ আলীর ছেলে মোঃ শহিদুল ইসলাম (৩৭) ও চুয়াডাঙ্গার আলমডাঙ্গ উপজেলার হাঁপানিয়া গ্রামের ইকরামুল হকের ছেলে সুইট (২৮)।

মেহেরপুর জেলা গোয়েন্দা শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দিন আহমেদ এই তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, আজ বুধবার (৪ ডিসেম্বর) ভোররাতের দিকে গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে নেতৃত্বে এসআই (নি:) আশরাফুল ইসলাম ও সঙ্গীয় অফিসার ফোর্সসহ গাংনী উপজেলার জলশুকা গ্রামে অভিযান চালিয়ে তাঁদের আটক করে। এসময় তাদের কাছ থেকে ১০০ পিস ইয়াবা ট্যাবলেট জব্দ করা হয়। গ্রেফতারকৃত আসামী শহিদুল ইসলাম শিক্ষকতা পেশার অন্তরালে মাদক ব্যবসা করে আসছিলো।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

তেরাইল-জোড়পুকুরিয়া কলেজে অন্যের জমি দখল করে গেইট ও প্রাচীর নির্মাণ

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল-জোড়পুকুরিয়া কলেজের কোটি টাকা লুটপাটের খবর ছড়িয়ে পড়ার সাথে সাখে নানা অনিয়মের খবরও উঠে আসছে। গতকাল মেহেরপুর প্রতিদিনে “শিক্ষক নিয়োগের কোটি টাকা লুটপাটের অভিযোগ” শিরোনামে সংবাদ প্রকাশ হওয়ায় পর এলাকায় সাধারণ মানুষের মাঝে বিভিন্ন প্রতিক্রিয়া তৈরি হয়েছে। চায়ের দোকান, বিভিন্ন প্রতিষ্ঠানে মেহেরপুর প্রতিদিন পড়ার জন্য হুমড়ি খেয়ে পড়েন উৎসুক জনতা। অতিরিক্ত পত্রিকা এলাকায় বিক্রির খবর জানিয়েছেন আমাদের স্থানীয় এজেন্ট।

সরেজমিন ও বিভিন্ন অভিযোগের মাধ্যমে জানা গেছে, ২০২১ সালে কলেজের অধ্যক্ষ গোলাম মোস্তফার মৃত্যুর পর থেকে অনিয়ম আর

গেলে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাসুম উল হক ও কলেজ গভর্নিং কমিটির সভাপতি শহিদুল ইসলাম তাদের কাজে বাঁধা দেন এবং তাদের সেখান থেকে সরিয়ে দেন। পরে তারা কলেজের পক্ষ থেকে জমির মাঝ দিয়ে প্রাচির নির্মাণ করেন। এনিয়ে মেহেরপুরের অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট আদালতে রাজিব একটি মামলা দায়ের করেন। মামলাটি নিষ্পত্তির জন্য জেলা লিগ্যাল এ্ইড কর্মকর্তার দেওয়া প্রতিবেদনে জমিটি রাজিবদের বলে উল্লেখ করা হয় এবং কলেজ কর্তৃপক্ষ কোন কাগজপত্র দাখিল করতে পারেননি বলেও প্রতিবেদনে উল্লেখ করেন।

এ বিষয়ে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জিনারুল ইসলাম বলেন, আগের অধ্যক্ষ সাবেক সভাপতিকে নিয়ে অন্যদের জমি দখল করে কলেজের গেইট ও প্রাচির নির্মাণ করেছেন। বিষয়টি নিয়ে নতুন গভর্নিং বডির সভাপতিকে জানানো হয়েছে। এবারের মিটিংয়ে বিষয়টি উত্থাপন করা হবে।

অন্যের জমিতে গেইট ও প্রাচির নির্মাণ প্রসঙ্গে বর্তমান গভর্ণিং বডির সভাপতি জুলফিকার আলী ভুট্টো বলেন, দুইজনের জমিতে এসকল পার্কা নির্মাণ করা হয়েছে বলে জেনেছি। আগের কমিটির উচিত ছিলো তাদের সাথে মিমাংসা করার পর পাকা নির্মাণ করার। তবে আমরা চেষ্টা করছি তাদের জমিগুলো নিয়ে মালিক পক্ষের সাথে একটা মিমাংসার প্রক্রিয়া চালানোর।

অন্যের জমিতে গেইট ও প্রাচির নির্মাণের বিষয়ে সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাসুম উল হক বলেন, কলেজের পাশে দুই জনের জমি আছে, তবে যেখানে গেইট ও প্রাচির করা হয়েছে ওটা তাদের জমি না। তিনি আরও বলেন, সাবেক এমপির নির্দেশে গেইট করা হয়েছে এবং সভাপতি শহিদুল ইসলাম এলাকার লোকজনকে নিয়ে প্রাচির করিয়েছেন।

এ ব্যাপারে সাবেক সভাপতি শহিদুল ইসলাম গেইট ও প্রাচির নির্মাণের বিষয়ে বলেন, কলেজের যায়গা না হলে কলেজ ছেড়ে দেবে বলে ফোন কেটে দেন।

গাংনীতে মৎস্য সেবা ও পরামর্শ সভা অনুষ্ঠিত

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির অধীনে সংগঠিত সংস্থার সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য খাতের আওতায় মৎস্য সেবা ও পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে।

২০২৪-২৫ অর্থবছরের মৎস্য সেবা ও পরামর্শ সভায় উপস্থিত ছিলেন জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান, পিএসকেএসের উপ-পরিচালক মোঃ কামরুল আলম, পিএসকেএসের মৎস্য কর্মকর্তা মোঃ ইকরামুল হাসান ও সহকরী মৎস্য কর্মকর্তা মোঃ খালেদ কবির সহ সমন্বিত কৃষি ইউনিটের সদস্যবৃন্দ।

উক্ত অনুষ্ঠান হতে মৎস্য চাষীদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করা হয়। মাছ চাষ এবং শীতকালে মাছ সংক্রান্ত বিভিন্ন রোগের প্রতিকার সম্পর্কে দিকনির্দেশনা দেয়া হয়।

তেরাইল-জোড়পুকুরিয়া কলেজে শিক্ষক নিয়োগের কোটি টাকা লুটপাটের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইলে ২০০০ সালে প্রতিষ্ঠা করা হয় তেরাইল-জোড়পুকুরিয়া কলেজ (বর্তমান বঙ্গবন্ধু কলেজ) নামের একটি শিক্ষা প্রতিষ্ঠান। কলেজটি প্রতিষ্ঠার পর থেকে রাজনৈতিক পালাবদলের সাথে সাথে কলেজ ব্যবস্থাপনা পরিষদেও পরিবর্তন হয়েছে। শিক্ষার মান বৃদ্ধির থেকে ব্যক্তি মতাদর্শের মান বাড়াতে ব্যস্ত সময় পার করেছেন কলেজের সাবেক অধ্যক্ষ। ধারাবাহিক প্রতিবেদনের আজ পড়ুন ১ম পর্ব।

সরেজমিন ও বিভিন্ন অভিযোগের মাধ্যমে জানা গেছে, ২০২১ সালে

বলেও জানতে পেরেছি। এ ব্যাপারে সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ একটি লিখিত হিসাব দিয়েছেন। আমরা এলাকার গণ্যমান্য মানুষদেও নিয়ে এসব দুর্নীতি হিসাব চাইবো। হিসাব না দিতে পারলে ইউএনও মহোদয়ের পরামশ নিয়ে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করবো।

সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাসুম উল হক বলেন, সরকার পালাবদলে পর গত ১৪ আগষ্ট দায়িত্ব ছেড়ে দিয়েছি। চাপ দিয়ে ৪৯ লাখ টাকার একটি হিসাব করে তারা আমার স্বাক্ষর করিয়ে নিয়েছে। সারা বাংলাদেশের বেসরকারি কলেজে যেভাবে চলে আমিও সেভাবেই চালিয়েছি। কলেজ গভর্ণিং বডির সভাপতি ছিলে সাবেক এমপির স্ত্রী লাইলা আরজুমান বানু। তবে সাবেক এমপিই চালাতেন। তিনি যেভাবে চালিয়েছেন সেভাবেই চলতে হয়েছে। কলেজের টাকা দিয়ে এমপির স্ত্রীর নামে জমি কিনে দেওয়ার বিষয়ে তিনি কিছূ জানেন না।
জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও কলেজ গভর্ণিং বডির সাবেক সভাপতি শহিদুল ইসলাম বলেন, কোন ধরণের দুর্নীতি ও অনিয়মের সাথে আমার সম্পৃক্ততা নেই। যারা বলেছে তারা ঠিক বলেনি। আমি ২০১২ সালে একবার এবং কিছু দিন আগে আরেকবার সভাপতি হয়েছিলাম।

সরকার পরিবর্তনের পর সাবেক সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মো: সাহিদুজ্জামান আত্মগোপনে থাকায় তাঁর সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি।

গাংনীতে সহকর্মীদের শ্রদ্ধা ও ভালবাসায় টিআই ফরিদার বিদায়

সহকর্মীদের শ্রদ্ধা, ভালোবাসা ও চোখের জলে কর্মস্থল থেকে শেষ বিদায় নিলেন গাংনী উপজেলা সমজাসেবা কার্যালয়ের টিআই ফরিদা ইয়াসমিন।

এসময় তাকে ক্রেষ্ট ও ফুল ভালোবাসার বহিঃপ্রকাশ ঘটান দীর্ঘদিনের সহকর্মী অফিসের সদস্যরা। দীর্ঘদিনের কর্মস্থল ত্যাগ করার সময় আবেগ আপ্লুত হয়ে পড়েন টিআই ফরিদা ইয়াসমীন। এসময় সহকর্মী ও অফিসের সদস্যের চোখে পানি চলে আসে।